# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 MARCH 2026** **7:45—7:55**

---

১) আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য  বি জে পি-র ৮৮ জন প্রার্থীর নামের তালিকা প্রকাশ । বরাক উপত্যকার শিলচর সহ মোট ১০টি আসনের দলীয় প্রার্থীর নাম ঘোষণা ।

২) নির্বাচন কমিশনের আসন্ন বিধানসভা নির্বাচনে প্রার্থীদের ব্যায়ের সীমা ৪০ লক্ষ টাকা ধার্য ।

৩) দেশে ইন্ধনের সরবরাহ স্বাভাবিক আবস্থায় রয়েছে বলে কেন্দ্রীয় সরকারের প্রকাশ ।

এবং

৪) গৌহাটি হাই কোর্টের জুবিন গার্গের মৃত্যু মামলা সম্পর্কে বিশেষ ফাষ্টট্রাক আদালতে বিচার প্রক্রিয়া পরিচালনার জন্য বিচারপতি শর্মিলা ভূইয়াকে মনোনীত ।

--------------------------------------------------------------------------------

আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ভারতীয় জনতা পার্টী ( বি জে পি ) ৮৮ জন প্রার্থীর নামের তালিকা প্রকাশ করেছে । ৬ জন মহিলা প্রার্থী সন্নিবিষ্ট করে প্রকাশ করা এই প্রার্থী তালিকায় বেশ কয়েকজন বর্তমান বিধায়কের নাম কর্তন করা হয়েছে । দলের সভাপতি নীতিন নবিনের পৌরহিত্যে অনুষ্ঠিত বি জে পির কেন্দ্রীয় নির্বাচন সমিতির সিদ্ধান্ত অনুসারে প্রবীন বি জে পি নেতা তথা মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জালুকবারী বিধানসভা আসনে প্রতিদ্বন্দিতা করবেন । লোকসভার প্রাক্তন বি জে পি সাংসদ ডাক্তার রাজদীপ রায় শিলচর , লক্ষীপুরে কৌশিক রাই , পাথারকান্দিতে কৃষ্ণেন্দু পাল , বড়খলায় কিশোর নাথ , ধলাইতে অমীয় কান্তি দাস , উধারবন্দে রাজদীপ গোয়ালা , উত্তর করিমগঞ্জে সুব্রত ভট্টাচার্য , রামকৃষ্ণ নগরে বিজয় মালাকার , হাইলাকান্দিতে

ডক্টর মিলন দাস এবং কাটিগড়া বিধানসভা আসনে কমলাক্ষ দে পুরকায়স্থ প্রতিদ্বন্দিতা করবেন । রাজ্যসভার বর্তমান সাংসদ রামেশ্বর তেলী দুলিয়াজান বিধানসভা আসন থেকে প্রতিদ্বন্দিতা করবেন । অনুরূপভাবে , বি জে পির প্রাক্তন রাজ্য সভাপতি রঞ্জিত কুমার দাস ভবানিপুর-সরভোগ আসনে এবং বিধানসভার বর্তমান অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী তামুলপুর আসনে প্রতিদ্বন্দিতা করবেন ।

বিজেপি দলে নতুনভাবে যোগদান করা প্রদ্যুৎ বরদলৈ দিশপুর , দিপ্লু রঞ্জন শর্মা নিউ গৌহাটি , বিজয় কুমার গুপ্তা মধ্য গৌহাটি , ভবেশ কলিতা রঙ্গিয়া , জয়ন্তমল্ল বরুয়া নলবারী , পীযূষ হাজারিকা জাগীরোড , রমাকান্ত দেউরি মরিগাও , রূপক শর্মা নগাও বটদ্রবা , পদ্ম হাজারিকা নদুয়া , নীলিমা দেবী মঙ্গলদৈ , ভূপেন বরা বিহুপুরিয়া , মনাব ডেকা লক্ষীমপুর , নব কুমার দলে ঢকুয়াখানা , ডাক্তার রণোজ পেগু ধেমাজী , প্রশান্ত ফুকন ডিব্রুগড় , বিমল বরা টিংখং , তরঙ্গ গগৈ নাহারকাটিয়া , সুশান্ত বরগোহাই ডিমৌ , ভূবন গাম মাজুলী , হিতেন্দ্রনাথ গোস্বামী যোরহাট , রূপজ্যোতি কুর্মী মরিয়ানি , অজন্তা নেওগ গোলাঘাট , মৃনাল শইকীয়া খুমটাই , বিশ্বজিৎ ফুকন সরুপাথার , তুলিরাম রাংহাং রাংখাং বিধানসভা আসন থেকে প্রতিদ্বন্দিতা করবেন ।

উল্লেখ্য যে শিলচরের বিধায়ক দীপায়ন চক্রবর্ত্তী , উধারবন্দের বিধায়ক মিহিরকান্তি সোম , ধলাইর বিধায়ক নিহার রঞ্জন দাস পূর্ব গৌহাটি আসনের বর্তমান বিধায়ক সিদ্ধার্থ ভট্টাচার্য , দিশপুরের বর্তমান বিধায়ক অতুল বরা সহ মোট ১৯ জন বিধায়কের নাম এই তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে ।

এদিকে কংগ্রেস দলের আজ তৃতীয় প্রার্থী তালিকা প্রকাশ করার সম্ভাবনা রয়েছে । ইউ পি পি এল আজ ৫ জন প্রার্থীর নামের তালিকা প্রকাশ করেছে । বি পি এফ দলেরও আজ রাতের মধ্যে প্রার্থী তালিকা প্রকাশ করার সম্ভাবনা রয়েছে । অন্যদিকে , বি জে পির প্রার্থী তালিকা ঘোষণার পর এই তালিকা থেকে বঞ্চিত বহু বিধায়ক সহ দলীয় কর্মীরা ক্ষোভ প্রকাশ করেছেন । ধলাইর বর্তমান বি জে পি বিধায়ক নিহার রঞ্জন দাস প্রার্থী তালিকা ঘোষণার পর দলের প্রাথমিক সদস্য পদ থেকে পদত্যাগ করেছেন । তিনি প্রার্থী তালিকা নিয়ে অসন্তুষ্টি প্রকাশ করে তার কাজ-কর্মের সঠিক মূল্যায়ন করা হয় নি বলে পদত্যাগ পত্রে উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসন্ন বিধানসভা নির্বাচনে প্রার্থীদের ব্যয়ের সীমা ৪০ লক্ষ টাকা ধার্য করেছে । প্রত্যেক প্রার্থীকে বাধ্যতামূলকভাবে ব্যায় সম্পর্কীত যাবতীয় তথ্য দাখিল করতে হবে বলে কমিশন স্পষ্ট করে দিয়েছে । ২০২২ সালের ৬ জানুয়ারীতে সংশোধন করা তথ্য অনুসারে ব্যায়ের সর্বোচ্চ সীমা নির্ধারণ করা হয়েছে বলে কমিশন প্রকাশ

করেছে । এই অনুসারে আসাম , কেরেলা , তামিলনাড়ু এবং পশ্চিমবঙ্গের প্রার্থীরা ৪০ লক্ষ টাকা এবং পদুচেরীর প্রার্থীরা ২৮ লক্ষ টাকা পর্যন্ত ব্যায় করতে পারবে ।

---

শ্রীভূমি জেলার চারটি বিধানসভা আসনের মধ্যে আজ দক্ষিণ করিমগঞ্জ বিধানসভা আসনে একজন নির্দল প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন । প্রতিদ্বন্দি প্রার্থীরা আগামী ২৩শে মার্চ পর্য্যন্ত সরকারী ছুটির দিন ছাড়া প্রতিদিন সকাল ১১টা থেকে বিকেল তিনটে পর্য্যন্ত মনোনয়ন পত্র জমা দিতে পারবেন । চারটি বিধানসভা আসনের মনোনয়ন পত্র জেলা আয়ুক্তের কার্যালয়ে জমা দেওয়া যাবে ।

---

শ্রীভূমি জেলায় আসন্ন বিধানসভা নির্বাচন সুষ্ঠ , অবাধ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলার পাঁচ জন পর্যবেক্ষক আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে এক সভায় মিলিত হয়ে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন । বৈঠকে যেকোন ধরনের অনিয়ম প্রতিরোধে  ব্যবস্থা গ্রহনের জন্য স্ট্যাটিক সার্ভিলেন্স টিমের ২৪ ঘন্টা কড়া নজরদাড়ির উপর আলোচনা করা হয়েছে । আগামী ২৩শে মার্চ মনোনয়ন পত্র জমা দেবার প্রক্রিয়া শেষ হওয়ার পর পুনরায় পর্য্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলার পাথারকান্দি ও রামকৃষ্ণনগর বিধানসভা আসনের সাধারণ পর্যবেক্ষক ভারতীয় প্রশাসনিক সেবার আধিকারীক বিনোদ ভি আর আজ শ্রীভূমি এসে পৌছেছেন । তিনি শ্রীভূমির পুলিশ গেষ্ট হাউসে অবস্থান করছেন । পর্যবেক্ষকের সঙ্গে সাক্ষাৎ করতে ইচ্ছুক জনগন যোগাযোগ করতে পারবেন । সাধারণ পর্যবেক্ষকের ফোন নম্বর হচ্ছে ৯১৮১৫১৫৮১৮ ।

---

আসন্ন নির্বাচন অবাধ , সুষ্ট ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে আজ থেকে কাছাড় জেলায় ভোট কর্মীদের প্রশিক্ষন পর্ব শুরু হয়েছে । আজ বেলা ১০টা থেকে দুপুর ১টা এবং দুপুর ২টো থেকে বিকেল ৫টা পর্যন্ত দুটি পর্বে কাছাড় কলেজ এবং সরকারী উচ্চতর বালক বিদ্যালয়ে প্রিসাইডি অফিসার , প্রথম , দ্বিতীয় এবং তৃতীয় পোলিং অফিসারদের প্রশিক্ষণ প্রদান করা হয় । এই প্রশিক্ষণ পর্ব আগামীকাল এবং আগামী রবিবার পর্যন্ত অব্যাহত থাকবে । দ্বিতীয় পর্যায়ে ২৭ মার্চ থেকে ২৯ মার্চ পর্যন্ত ভোট কর্মীদের পুনরায় প্রশিক্ষণ প্রদান করা হবে । প্রায় ৯৬ জন প্রশিক্ষককে এই প্রশিক্ষণ প্রদানের কাজে যুক্ত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জনসাধারন জেলায় আর্দশ আচরন বিধি লংঘনের অভিযোগ জানাতে ১৯৫০ নম্বরে ফোন করতে পারবেন । জেলা প্রশাসন থেকে আরো জানানো হয়েছে যে জেলায় নাগরিকরা স্মার্টফোনে সি-ভিজিল এপ্লিকেশনটি ব্যবহার করে যেকোন নির্বাচনী বা বিধি বর্হিভুত কাজের ছবি বা ভিডিও তুলে সরাসরি অভিযোগ জানাতে পারবেন । জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে যে এই হেল্পলাইন ও এ্যাপের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে দ্রুত প্রশাসনিক পদক্ষেপ নেওয়া হবে ।

-----------------------------------------------------------------------------------------

দেশে ইন্ধনের সরবরাহ স্বাভাবিক অবস্থায় রয়েছে বলে কেন্দ্রীয় সরকার প্রকাশ করেছে । কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের যুগ্ম সচিব আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । দেশে ইন্ধনের সংকট হয়নি এবং পর্যাপ্ত ইন্ধন মজুত রয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

উল্লেখ্য এর আগে মধ্য প্রাচ্যে সৃষ্টি হোয়া পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দেশে তিন মাসের জন্য অপরিশোধিত তেল মজুত করে রাখতে সংসদের পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস বিভাগের স্থায়ী সমিতি পরামর্শ জারি করেছিল । কঠিন পরিস্থিতিতে ইন্ধনের ঘাটতির জন্য যাতে দেশের অগ্রগতিতে বাধার সৃষ্টি নাহয় তার প্রতি লক্ষ্য রেখে সমিতি এই পরামর্শ দেয় । কেন্দ্রীয় সরকার এই ক্ষেত্রে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে সমিতি পরামর্শ প্রদান করে ।এছাড়া গ্রামাঞ্চলের বাসিন্দা ও নিম্ন আয়ের লোকেদের জন্য রন্ধন গ্যাস সহজলভ্য করার ব্যবস্থা গ্রহণ করতে সমিতি পরামর্শ প্রদান করে । উল্লেখ্য মধ্য প্রাচ্যের পরিস্থিতির ফলে হরমুজ প্রণালী বন্ধ হোয়ার পরিপ্রেক্ষিতে বিশ্বের বিভিন্ন প্রান্তে ইন্ধন নিয়ে আশংকার সৃষ্টি হয়েছে যদি ও কেন্দ্রীয় সরকার দেশে পর্যাপ্ত ইন্ধন রয়েছে বলে প্রকাশ করেছে । সম্প্রতি হরপুজ প্রণালী পার হয়ে দুখন জাহাজে ৯০ হাজার মেট্রিকটনের ও বেশী রন্ধন গ্যাস ভারতে এসেছে । কোনো পরিস্থিতিতেই যাতে দেশে ইন্ধন নিয়ে সংকটের সৃষ্টি নাহয় সেজন্য সমিতি এই পরামর্শ প্রদান করেছে ।

-----------------------------------------------------------------------------------------

গৌহাটী হাই কোর্ট জুবিন গার্গের মৃত্যুর মামলা সম্পর্কে বিশেষ ফাস্টট্রেক আদালতে দৈনন্দিন বিচার প্রক্রিয়া পরিচালনার জন্য বাক্সার জেলা বিচারপতি হিসেবে বর্তমানে কার্যনির্বাহ করে থাকা শর্মিলা ভুইয়াকে মনোনীত করেছে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা প্রকাশ করেছেন । এই নির্নায়ক পদক্ষেপে বিচার প্রক্রিয়াকে ত্বরান্বিত করে যথোচিত ন্যায় সুনিশ্চিত করবে বলে আশা করা হচ্ছে । এখন থেকে মামলাটির দৈনিক শুনানি অনুষ্ঠিত হবে বলে ড: শর্মা জানান ।উল্লেখ্য জুবিন গার্গের

মৃত্যু সম্পর্কে কামরুপ মহানগর জেলা ও সেশন আদালতে আজ অভিযুক্তের বিরুদ্ধে করা ধারা সম্পর্কে শুনানি অনুষ্ঠিত হয় ।আজ রাজ্য সরকারের নিয়োগ করা বিশেষ লোক আইনজীবির দল অভিযুক্তদের ওপর আরোপ করা মামলার বিভিন্ন ধারার সপক্ষে যুক্তি প্রদর্শন করেন ।আগামীকাল পুনরায় এসম্পর্কে শুনানি
গ্রহণ করা হবে । এদিকে অভিযুক্ত সন্দীপন গার্গ , পরেশ বৈশ্য ও নন্দেশ্বর বরা এই মামলা থেকে রেহাই চেয়ে আদালতে আবেদন দাখিল করেছে ।এই আবেদন সম্পর্কে আগামীকাল শুনানি গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমির অতিরিক্ত জেলা আয়ুক্ত সপ্ততি এন্দোকে জেলার আধার সেলের নোডাল আধিকারীক হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে । শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায়ের স্থানে সপ্ততী এন্দোকে আধার সেলের নোডাল আধিকারীকের দায়িত্ব প্রদান করেছেন । শ্রীমতি এন্দো এখন থেকে শ্রীভূমি জেলার আধার এনরোলমেন্ট সংক্রান্ত বিষয়গুলির দায়িত্ব দেখাশুনা করবেন বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------